

২য় অনুরোধপত্র



“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৩৮.১৭ (অংশ-১)- ২৭৭

তারিখঃ

০৮ অগ্রহায়ণ ১৪২৭

২৩ নভেম্বর ২০২০

বিষয়ঃ চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলাধীন জামবাড়িয়া দারুস সুন্নাত নেসারিয়া দাখিল মাদ্রাসা এর সুপার জনাব ওমর ফারুক আজম (ইনডেক্স নং-৩৭৫২৪৪)-এর কামিল সনদপত্র জাল প্রমাণিত হওয়ায় বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

সূত্রঃ (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.১০.০০৩.১৯.৩২৪, তারিখ-০২.১০.২০১৯খ্রি।
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৩৮.১৭ (অংশ-১)-১০০, তারিখ-২৮.০৭.২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলাধীন জামবাড়িয়া দারুস সুন্নাত নেসারিয়া দাখিল মাদ্রাসার সুপার মাওলানা ওমর ফারুক আজম এর কামিল পরীক্ষার সনদপত্র তদন্তে জাল প্রমাণিত হওয়ায় তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগকে অবহিত করার জন্য সূত্র (২) মূলে অনুরোধ করা হয়েছিল। এর পর দীর্ঘ ০৪ (চার) মাস অতিক্রান্ত হওয়া সত্ত্বেও আজোবধি কোন জবাব পাওয়া যায়নি। যা দুঃখজনক।

০২। এমতাবস্থায়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সূত্র (২) মূলে প্রেরিত পত্রের আলোকে কি ব্যবস্থা গ্রহণে করা হয়েছে তা আগামী ১০.১২.২০ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে (প্রমাণকসহ) অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে ২য় বারের মতো অনুরোধ করা হলো।

(সৈয়দ আসগর আলী)
সহকারী সচিব (মাদ্রাসা-১)
ফোনঃ ৯৫৭৭৪২৪

মহাপরিচালক,
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।

অনুলিপিঃ

১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (মাদ্রাসা-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অফিস কপি/মাস্টার কপি।